

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ ১ ও ২ শাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)


স্মারক নম্বর- ৪৫.০০.০০০০.০০০.১৫৭.৯৯.০০০১.২৬.১৮৬

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৪ জুন ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরের ক্রয় সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের পরিচালন বাজেটের আওতায় স্বাস্থ্য সেবা বিভাগের মাধ্যমে অনুমোদনযোগ্য বিভিন্ন প্রতিষ্ঠান ও হাসপাতালের যে সকল ক্রয় প্রস্তাব এখন পর্যন্ত মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়নি তা আগামী ১৬ জুন ২০২৬ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এতদসংক্রান্ত প্রস্তাব বিলম্বে প্রেরণের জন্য যথাসময়ে ক্রয়কার্য সম্পন্ন করা সম্ভব না হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

  
মো: সাহিফুল হুসাইন মজুমদার  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৫৫১০০৬৪৫  
[procurement1@hsd.gov.bd](mailto:procurement1@hsd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল.....;
- ২। পরিচালক, সেন্ট্রাল মেডিকেল স্টোরস ডিপো (সিএমএসডি), মহাখালী, ঢাকা;
- ৩। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল).....।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দু:আ: পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা/হাসপাতাল)  
**(সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)**
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য/উন্নয়ন/পরিকল্পনা/হাসপাতাল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। অফিস কপি।